

# সমকাল

## মাদ্রাসা কর্তৃপক্ষের অনিয়মে ২০০ পরীক্ষার্থীর ফল স্থগিত

সুনামগঞ্জ

১১ ঘণ্টা আগে

### সুনামগঞ্জ প্রতিনিধি

সুনামগঞ্জের বিশ্বস্তরপুর উপজেলার মেরুয়াখলা মমিনিয়া ফাজিল মাদ্রাসা কর্তৃপক্ষের অনিয়মের কারণে প্রায় ২০০ ফাজিল পরীক্ষার্থীর দ্বিতীয় ও তৃতীয় বর্ষের ফল স্থগিত রয়েছে বলে অভিযোগ উঠেছে। ফি না পেয়ে কুষ্টিয়ার ইসলামী বিশ্ববিদ্যালয় ওই মাদ্রাসার পরীক্ষার্থীদের ফল স্থগিত রেখেছে বলে জানা গেছে। এ ঘটনায় মাদ্রাসার ১০ জন পরীক্ষার্থী গতকাল বৃহস্পতিবার জেলা প্রশাসকের কাছে লিখিত অভিযোগ করেছেন। জেলা প্রশাসক পরীক্ষার্থীদের অভিযোগের বিষয়টি দ্রুত তদন্তের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে নির্দেশ দিয়েছেন।

পরীক্ষার্থীরা অভিযোগে উল্লেখ করেছেন, গত ২৭ মে সারাদেশে মাদ্রাসার ফল প্রকাশ হয়েছে। কিন্তু মেরুয়াখলা মাদ্রাসার ফল স্থগিত রাখা হয়েছে। মাদ্রাসা কর্তৃপক্ষের দুর্নীতির কারণে পরীক্ষার্থীদের ফল স্থগিত রেখেছে কুষ্টিয়ার ইসলামী বিশ্ববিদ্যালয়। মাদ্রাসা কর্তৃপক্ষ সবার কাছ থেকে নির্ধারিত ফি আদায় করলেও সেই ফি জমা দেয়নি। এ ঘটনায় পরীক্ষার্থীরা মাদ্রাসায় গিয়ে আন্দোলন করলে কর্তৃপক্ষ দুই দিনের সময় নিয়েও কোনো পদক্ষেপ গ্রহণ করেনি। এখন উল্টো পরীক্ষার্থীদের বিরুদ্ধে মামলা দিয়ে জেলে ঢোকানোর হুমকি দিচ্ছেন শিক্ষকরা।

মেরুয়াখলা মাদ্রাসার ফাজিল দ্বিতীয় বর্ষের পরীক্ষার্থী সালাহ উদ্দিন ও আলফাজ উদ্দিন বলেন, 'মাদ্রাসা কর্তৃপক্ষ যার কাছ থেকে যত টাকা পেরেছে আদায় করেছে। কারও কোনো ফি বকেয়া নেই। কিন্তু পরীক্ষার্থীদের কাছ থেকে আদায়কৃত অর্থ বিশ্ববিদ্যালয়ে জমা দেওয়া হয়নি।

এ ব্যাপারে মেরুয়াখলা মমিনিয়া ফাজিল মাদ্রাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ মাওলানা আবদুল মতিনের সঙ্গে কথা বলতে তার ব্যক্তিগত মোবাইল ফোনে বেশ কয়েকবার চেষ্টা করলেও ফোন রিসিভ করেননি তিনি। এমনকি খুদে বার্তা পাঠিয়ে অনুরোধ সত্ত্বেও ফোন রিসিভ করেননি।

জেলা প্রশাসক মো. সাবিরুল ইসলাম বলেন, 'পরীক্ষার্থীরা মাদ্রাসা কর্তৃপক্ষের বিরুদ্ধে অনিয়ম-দুর্নীতির অভিযোগ করেছে। বিষয়টি তদন্ত করে দেখার জন্য ইউএনওকে নির্দেশ দেওয়া হয়েছে। তদন্ত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।'

© সমকাল 2005 - 2018

সম্পাদক : গোলাম সারওয়ার । প্রকাশক : এ কে আজাদ